গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিস
কালিয়াকৈর, গাজীপুর।

# কালিয়াকৈর উপজেলার প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব জাহেদা আখতার
উপজেলা শিক্ষা অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।

সভার স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন
তারিখ: ১৬ জুলাই ২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকায়

## উপস্থিত প্রধান শিক্ষকদের স্বাক্ষর পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

প্রধান শিক্ষক ছাড়াও সভায় উপস্থিত ছিলেন ইন্সট্রাক্টর, ইউআরসি, সহকারী উপজেলা শিক্ষা অফিসারবৃন্দ, সহকারী ইন্সট্রাক্টর, ইউআরসি। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচনা শুরু হয়। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|---|
| ১ | পরিদর্শন কপি down load | বিভিন্ন সময় এইউইওগণ, ইউইওসহ বিভিন্ন কর্মকর্তা অনলাইনে বিদ্যালয় পরিদর্শন ফরম Upload করেন। এ সকল পরিদর্শন ফরম Print করা হয় না। ফলে সহকারি শিক্ষকগণ জানতে পারেন না বিদ্যালয় পরিদর্শনে কি পরামর্শ দেওয়া হয়েছে। এছাড়া পরবর্তী পরিদর্শকেরও ফরমটি দেখার প্রয়োজন থাকে। | যে কোন পরিদর্শক পরিদর্শন করে অনলাইন পরিদর্শন ফরম down load করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ২ | স্কুল চলাকালীন এইউইও এর অনুমতি ব্যতীত কোন শিক্ষকের স্কুল ত্যাগ না করা প্রসঙ্গে | শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য প্রয়োজন শিক্ষকদের আন্তরিকতা, পাঠদান মান উন্নয়ন, পিছিয়ে পড়া শিক্ষার্থীদের প্রতি অতিরিক্ত যত্নবান হওয়া এর জন্য শিক্ষকদের বিদ্যালয়ে সময়মত আগমন, পূর্নসময় স্কুলে অবস্থান একান্ত জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সকাল ৯.০০ ঘটিকায় বিদ্যালয়ে আগমন ৯.০০ - ৪.১৫ পর্যন্ত স্কুলে অবস্থান করা বাধ্যতামূলক। এমতাবস্থায় জরুরী প্রয়োজনে স্কুল ত্যাগ করতে হলে এইউইও এর অনুমতি নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ৩ | বৃত্তি পরীক্ষা/২০২৩ | গত বছরের ন্যায় ২০২৩ খ্রি: সনেও ৫ম শ্রেণির প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর প্রাথমিক বৃত্তি পরীক্ষা/২০২৩ সম্পর্কিত পত্রটি উপস্থিত সকলকে পড়ে শোনানো হয়। | পত্র মোতাবেক প্রস্তুতি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | বৃত্তি পরীক্ষা/২০২৩ | এটি একটি প্রতিযোগিতামূলক পরীক্ষা। তাই ৫ম শ্রেণির শিক্ষার্থীদের প্রতি যত্নবান হওয়া প্রয়োজন। | কক্ষ থাকলে দুই শিফটের ৫ম শ্রেণির শিক্ষার্থীদের এক শিফটে পাঠদান শুরু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ৫ | বেইজ লাইন সার্ভে ফরম পূরণ | দেখা যায় যে ৩য়- ৫ম শ্রেণির অনেক শিক্ষার্থী বাংলা ও ইংরেজি রিডিং এ দূর্বল। এর সঠিক সংখ্যা নিরূপন প্রয়োজন। | সকল বিদ্যালয় বেইজ লাইন ফরম পূরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ৬ | রিডিং এ দূর্বল শিক্ষার্থীদের দায়িত্ব গ্রহণ | বেইজ লাইন ফরম অনুযায়ী যে সকল শিক্ষার্থী বাংলা ও ইংরেজি রিডিং এ দূর্বল তাদের দূর্বলতা দূরীকরণে সকল শিক্ষককে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে। | রিডিং এ দূর্বল শিক্ষার্থীদের বিদ্যালয়ের সকল শিক্ষকের মধ্যে ভাগ করে দিতে হবে। দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ ঐ সকল শিক্ষার্থীদের রিডিং এ দূর্বলতা দূরীকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক<br>ও<br>সহকারী শিক্ষক |
| ৭ | ১ম ও ২য় শ্রেণিতে কলমের পরিবর্তে পেন্সিল ব্যবহার। | ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীরা সবেমাত্র লেখার অনুশীলন শুরু করেছে। অনুশীলনের জন্য তাদের পেন্সিল ব্যবহার করাই উত্তম। | ১ম ও ২য় শ্রেণিতে অনুশীলনের জন্য পেন্সিল ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ৮ | শ্রেণিকক্ষের বোর্ডের ডানকোনে ৪টি তথ্য লেখা | শ্রেণিকক্ষের বোর্ডে প্রতিদিনের কয়েকটি তথ্য লেখা থাকার কথা যা অনেক বিদ্যালয়ে লেখা থাকে না। আবার অনেকে এলোমেলো লিখেন। | শ্রেণিকক্ষের বোর্ডের ডানকোনে (১) শ্রেণি (২) বিষয় (৩) উপস্থিতি (৪) তারিখ এই চারটি লেখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ৯ | বর্ণের আকৃতি ও মাত্রা ঠিক রাখা | অধিকাংশ শিক্ষক বোর্ডে বা অন্য কোথাও লেখার সময় বর্ণে মাত্রা দেন না ও আকৃতি ঠিক রাখেন না। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সকল শিক্ষক বোর্ডে বা অন্য কোথাও লেখার সময় বর্ণে মাত্রা দিবেন ও আকৃতি ঠিক রাখবেন এবং শিক্ষার্থীদেরও সেভাবে শেখাবেন। | সকল শিক্ষক |
| ১০ | শিক্ষার্থীদের বাড়ির কাজ দেওয়া | শিক্ষার্থীদের বাড়ির কাজ দেওয়ার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। | শিক্ষার্থীদের বাড়ির কাজ দেওয়ার বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ১১ | শ্রেণিকক্ষের দেওয়াল শিক্ষার্থীদের সৃজনশীল কাজ দ্বারা সজ্জিত করা। | শ্রেণিকক্ষের দেওয়াল শিক্ষার্থীদের সৃজনশীল কাজ দ্বারা সজ্জিত করার নির্দেশনা থাকলেও পরিদর্শনকালে সকল স্কুলে তা দেখা যায় না। | শ্রেণিকক্ষের দেওয়াল শিক্ষার্থীদের সৃজনশীল কাজ দ্বারা সজ্জিত করতে তাগাদা দেওয়া হয়। | সকল শিক্ষক |
| ১২ | শিক্ষকগণ ছুটি নিলে আবেদন মঞ্জুর করানো | কোন শিক্ষক ছুটিতে যেতে হলে তাকে যথানিয়মে আবেদন করে ছুটি মঞ্জুর করাতে হবে। | ছুটি মঞ্জুর পূর্বক ছুটি ভোগ করার জন্য বলা হয়। | সকল শিক্ষক |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | অভিভাবকদের ফোন নম্বর নিজ ফোনে Save করা | শিক্ষার্থীদের মান উন্নয়নে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদের ভূমিকা অনেক বেশি। তাই শিক্ষক-অভিভাবক সম্পর্ক জোরদার করতে অভিভাবকদের সাথে যোগাযোগ বাড়ানো প্রয়োজন। সেক্ষেত্রে নিয়মিত মোবাইল ফোনে যোগাযোগ করলে সহজে সম্পর্ক জোরদার করা এবং শিক্ষার্থীদের সমস্যা দূরীকরনে অভিভাবকদের সহযোগিতা নেওয়া যাবে। | ফোনে Save করার এবং নিয়মিত যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শ্রেণি শিক্ষক |
| ১৪ | দৈনিক সমাবেশে ব্যাগ কাঁধে নিয়ে না দাড়ানো | কোন কোন বিদ্যালয় পরিদর্শনকালে দেখা যায় যে, দৈনিক সমাবেশে শিক্ষার্থীরা ব্যাগ কাঁধে নিয়ে দাঁড়িয়েছে যা ঠিক নয়। | দৈনিক সমাবেশে শিক্ষার্থীরা ব্যাগ কাঁধে নিয়ে দাঁড়াবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং সেই সাথে সমাবেশে Sound box ব্যবহার করার জন্য বলা হয়। | প্রধান শিক্ষক |
| ১৫ | ডেঙ্গু সংক্রান্ত | সারাদেশে ডেঙ্গু মহামারী আকার নিয়েছে। ডেঙ্গু প্রতিরোধ সংক্রান্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মহোদয়ের পত্র পড়ে শোনানো হয়। | পত্র মোতাবেক ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ১৬ | Student Profile | অনলাইনে Student Profile এর কাজ চলমান রয়েছে। | অনলাইনে Student Profile এর কাজ দ্রুত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ১৭ | APSC | অনেক বিদ্যালয় এখনও অনলাইনে APSC দাখিল করেন নাই। | যারা এখনও APSC অনলাইনে দাখিল করেন নাই তারা দ্রুত দাখিল করবেন। | প্রধান শিক্ষক |
| ১৮ | আমার চোখে বঙ্গবন্ধু | ছাত্র/ছাত্রীদের দ্বারা " আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে ১ মিনিটের একটি ভিডিও তৈরীর বিষয়ে আলোচনা করা হয়। | ছাত্র/ছাত্রীদের দ্বারা " আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে ১ মিনিটের একটি ভিডিও তৈরীর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ১৯ | মাল্টিমিডিয়া ব্যবহার | অধিকাংশ বিদ্যালয়ে মাল্টিমিডিয়া ব্যবহার করে পাঠদান করা হয় না। প্রতিদিন কমপক্ষে ২টি পাঠ মাল্টিমিডিয়ায় দেওয়ার প্রসঙ্গে আলোচনা হয়। | প্রতিদিন ২টি পাঠ মাল্টিমিডিয়ায় দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল শিক্ষক |
| ২০ | ক্ষুদ্র মেরামত,Playing accessories সহ সকল বরাদ্দের কাজ শেষ করা ও রেজিষ্টার হালফিল (Update) করা | সকল ধরনের বরাদ্দের কাজ সূচারুরূপে সম্পন্ন করা, ক্যাশ রেজিঃ Update করা এবং মালামাল স্টক রেজিস্টারে লিপিবদ্ধ করা প্রসঙ্গে আলোচনা হয়। | ক্ষুদ্র মেরামত, Playing accessories, রুটিন মেইনটেনেন্সের কাজ সূচারুরূপে সম্পন্ন করা, ক্যাশ রেজিঃ Update করা, মালামাল স্টক রেজিস্টাওে লিপিবদ্ধ করে Aueo কর্তৃক যাচাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক ও এইউইও |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | জমি নামজারির কাগজ জমাদান | সকল বিদ্যালয়ের জমি নামজারি করতে হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সকল বিদ্যালয়ের নামজারি সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ২২ | বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট | বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট ২২/৭/২০২৩ তারিখের মধ্যে ইউনিয়ন পর্যায়ে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বঙ্গবন্ধু গোল্ডকাপ ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |
| ২৩ | মা সমাবেশ | শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদের ভূমিকা অপরিসীম। তাই নিয়মিত মা সমাবেশ করা প্রয়োজন। | প্রতিমাসে ৩টি শ্রেণিভিত্তিক মা সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান শিক্ষক |

১৫.০৭.২০২৩

জাহেদা আখতার
উপজেলা শিক্ষা অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।

স্মারক নং- উশিঅ/কালিয়া/২৭৬/২

তারিখঃ ১৫/৭/২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর।
২। সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল), কালিয়াকৈর, গাজীপুর।
৩। অফিস কপি।